

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪১৭.২০১৮-১২৬৪

তারিখঃ ২৪ কার্তিক, ১৪২৫।  
নভেম্বর, ২০১৮।

বিষয় : রিট পিটিশন নং ১১২৭৫/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব শামছুন নাহার বেগম, প্রধান শিক্ষক, উত্তর পশ্চিম দাদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: মেহদীগঞ্জ, জেলা: বরিশাল তাঁর প্রধান শিক্ষক হিসেবে গেজেটে নাম অন্তর্ভুক্তকরনের দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১১২৭৫/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে ১ নং বিবাদী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে ২ নং বিবাদী ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল-কে ৪ নং বিবাদী করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১১২৭৫/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও নিম্নোক্ত রেকর্ডপত্র পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জরুরীভিত্তিতে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। রিট পিটিশন নং ১১২৭৫/২০১৮ এর রুল ও আর্জির কপি।
- ২। রিট পিটিশন নং- ১১২৭৫/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ৩। প্রেরিত ওকালতনামা (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ) দুই প্রস্থ।
- ৪। প্রেরিত ক্ষমতাপর্ণ পত্র (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ) দুই প্রস্থ।
- ৫। Statement of fact.
- ৬। সরকার পক্ষের যাবতীয় ও অন্যান্য রেকর্ডপত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

এই বিষয়ে দায়িত্ব অবহেলার কারণে সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এর যাবতীয় দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

  
(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)


জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,  
বরিশাল।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪১৭.২০১৮-১২৬৪/২

তারিখঃ ২৪ কার্তিক, ১৪২৫।  
নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সংরক্ষণ নথি।

  
(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)